47

আজকের কাগজ

তারিখ 27 SEP 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ...

# টঙ্গী কলেজে জামাত-শিবিরের রাজনীতি নিষিদ্ধ ঘোষণা

গতকাল টঙ্গী সরকারি কলেজে জামাত-শিবিরের রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। সর্বদলীয় ছাত্রঐক্যের সভা থেকে এ ঘোষণা দেয়া হয়। বেলা ১১টায় কলেজ গেটে ছাত্রদল কলেজ সভাপতি মোঃ সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্রঐক্যের সভায় বক্তারা অবিলম্বে দেশ থেকে জামাত-শিবিরের রাজনীতি নিষিদ্ধের দাবি জানিয়ে বলেন, সাম্প্রদায়িক রাজনীতি নিষিদ্ধ না করলে ছাত্র সমাজ শিক্ষা প্রতিষ্ঠান থেকে জামাত-শিবিরের রাজনীতি উৎখাতে দেশব্যাপী ঐক্যবদ্ধ আন্দোলন শুরু করবে। জামাত-শিবির প্রতিরোধের জন্যে সর্বদলীয় ছাত্রঐক্য গঠন করে বিভিন্ন ছাত্র সংগঠনের সাম্প্রদায়িক রাজনীতি নিষিদ্ধের দাবি জানিয়ে বক্তব্য রাখেন, কলেজ ছাত্রসংসদের সাধারণ সম্পাদক একে এম কামরুজ্জামান বিপ্লব, ছাত্রলীগ (ম-ই) নেতা আলতাফ হোসেন বকুল, জাকির হাসান খোকন, দেলোয়ার হোসেন ডলার, ছাত্রদলের মজিবুর রহমান, ছাত্রসমাজের রৌশন আলী, মতিউর রহমান মতি। সভায় মোঃ সেলিমকে আহবায়ক করে ৬ সদস্যের সর্বদলীয় ছাত্রঐক্য টঙ্গী কমিটি গঠন করা হয় এবং সভাশেষে এ ব্যাপারে কলেজ অধ্যক্ষ বরাবর একটি স্মারকলিপি পেশ করা হয়। সভা শুরুর আগে সর্বদলীয় ছাত্রঐক্যের উদ্যোগে এক সর্বদলীয় মিছিল বের হয়। টঙ্গী থেকে মাহফুজুর রহমান।

72 73 74 75 76 77 78 79 80